

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়  
মাগুরা

নম্বর: ০৫.৪৪.৫৫০০.০১১.০১.০০৯.২৩.৫০৮

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০  
১৫ নভেম্বর ২০২৩

"গণ বিজ্ঞপ্তি"

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোহাম্মদ আবু নাসের বেগ, জেলা প্রশাসক, মাগুরা ও রিটার্নিং অফিসার, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন (সংসদীয় আসন ৯১, মাগুরা-০১) এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে বাংলাদেশ নির্বাচন কমিশন ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/১৫ নভেম্বর ২০২৩ তারিখে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেনঃ-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপীল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ক্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ক্যালট বাক্সে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে।

২। পূর্বেলিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে সংসদীয় আসন ৯১, মাগুরা-০১ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ১৫ অগ্রহায়ণ ১৪৩০/৩০ নভেম্বর ২০২৩ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়- জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর/মাগুরা সদর, মাগুরা এ মনোনয়নপত্র গৃহীত হবে।

উল্লেখ্য যে, সরাসরি মনোনয়নপত্র দাখিলের পাশাপাশি অনলাইনে (ওয়েব ঠিকানা: [www.ccs.gov.bd](http://www.ccs.gov.bd) অথবা <https://onss.ecs.gov.bd>) এ মনোনয়নপত্র দাখিলেরও সুযোগ রয়েছে।

তারিখ:	১	৫	দিন	১	১	মাস	২	০	২	৩	বৎসর
--------	---	---	-----	---	---	-----	---	---	---	---	------

১৫.১১.২০২৩  
মোহাম্মদ আবু নাসের বেগ  
জেলা প্রশাসক, মাগুরা

ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
(সংসদীয় আসন ৯১, মাগুরা-০১)